গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
সাঘাটা, গাইবান্ধা

স্মারক নং-১৩.০৮.৩২৮৮.০০৭.৫৭.০০১.২০-১১৫৫ তারিখঃ ২৫/০৯/২০২৫ খ্রি.

**"খাদ্যবান্ধব ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি"**

এতদ্দ্বারা সাঘাটা উপজেলার সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, 'খাদ্যবান্ধব কর্মসূচি নীতিমালা-২০২৪' এবং খাদ্য মন্ত্রণালয়, সরবরাহ-১ শাখা এর ১৪ অক্টোবর ২০২৪ খ্রি. তারিখের ২০৭ নং স্মারকপত্র ও খাদ্য অধিদপ্তর, বন্টন শাখা এর ১১ ফেব্রুয়ারি ২০২৫ খ্রি. তারিখের ১১৯ নং স্মারকপত্রের আলোকে সাঘাটা উপজেলা খাদ্যবান্ধব কমিটির অনুমোদনক্রমে এ উপজেলায় কচুয়া ইউনিয়নের "উল্ল্যাসোনাতলা বাজার" বিক্রয়কেন্দ্রে ০১ (এক) জন ডিলার নিয়োগ করা হবে। **আগামী ২৮ সেপ্টেম্বর ২০২৫ খ্রি. হতে ০৯ অক্টোবর ২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর দপ্তর হতে আবেদনপত্র গ্রহণ ও জমা প্রদান করা যাবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না।**

| ইউনিয়নের নাম | বিক্রয়কেন্দ্রের নাম | শুন্য পদের সংখ্যা |
|---|---|---|
| কচুয়া | উল্ল্যাসোনাতোলা বাজার | ০১ টি |

**আবেদনের শর্তাবলী ঃ**

১. বাংলাদেশের জাতীয় পরিচয়প্রাপ্ত ১৮ বছরের উর্ধ্বে যে কোনো নাগরিক আবেদন করতে পারবেন।
২. আবেদনকারীকে অবশ্যই সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা এবং হালনাগাদকৃত ট্রেড লাইসেন্সধারী হতে হবে।
৩. আবেদনকারীকে অবশ্যই খাদ্য অধিদপ্তরের 'ফুডগ্রেইন' লাইসেন্সপ্রাপ্ত প্রকৃত খাদ্যশস্য ব্যবসায়ী হতে হবে এবং লাইসেন্সটি অবশ্যই হালনাগাদ থাকতে হবে।
৪. আবেদনকারী সংশ্লিষ্ট ইউনিয়নের যে বিক্রয়কেন্দ্রের ডিলারশিপের জন্য আগ্রহী ঐ নির্ধারিত কেন্দ্রে অবশ্যই তার নিজস্ব/ভাড়ায় দোকান থাকতে হবে। ভাড়ায় দোকানের ক্ষেত্রে দোকানভাড়ার চুক্তিনামা ৩০০ (তিনশত) টাকার স্ট্যাম্পের মাধ্যমে হতে হবে কিংবা নিজস্ব স্থাপনা হলে এর মালিকানার দলিল থাকতে হবে।
৫. দোকানের মেঝে অবশ্যই পাকা হতে হবে এবং খাদ্যশস্য নিরাপদ ও স্বাস্থ্যসম্মতভাবে সংরক্ষণের উপযোগী হতে হবে।
৬. আবেদনকারীর দোকান/সংযুক্ত গুদামে কমপক্ষে ১৫.০০০ (পনেরো) মে.টন খাদ্যশস্য সংরক্ষণের সুব্যবস্থা থাকতে হবে।
৭. আবেদনকারীকে আর্থিকভাবে স্বচ্ছল ও খাদ্যশস্য হিসাব সংরক্ষণে সক্ষম হতে হবে। স্বচ্ছলতার সনদপত্রের মূলকপি (তফসিলি ব্যাংকের শাখা ব্যবস্থাপক কর্তৃক প্রদেয়) সংযুক্ত করতে হবে। ব্যাংক অ্যাকাউন্ট থাকার প্রমাণপত্র কিংবা অ্যাকাউন্ট স্টেটমেন্ট স্বচ্ছলতার সনদ হিসেবে গ্রহণযোগ্য নয়।
৮. খাদ্য বিভাগ কর্তৃক কালো তালিকাভুক্ত, বাতিলকৃত, সাময়িকভাবে বরখাস্তকৃত কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান খাদ্যবান্ধব ডিলারশিপের জন্য যোগ্য বিবেচিত হবেন না।
৯. একই ব্যক্তি খাদ্য বিভাগের একাধিক কর্মসূচির ডিলার হতে পারবেন না।
১০. কোনো সরকারি কর্মচারি কিংবা জনপ্রতিনিধি ডিলার হতে পারবেন না।
১১. একজন ব্যক্তি শুধু একটি বিক্রয়কেন্দ্রের বিপরীতে ডিলারশিপের জন্য আবেদন করতে পারবেন। কোনো আবেদনকারীর একাধিক বিক্রয়কেন্দ্রের বিপরীতে ডিলারশিপের আবেদনপত্র পাওয়া গেলে তার সকল আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
১২. **আবেদনকারীদের দাখিলকৃত দলিলাদি এবং তাদের দোকানঘর সরেজমিনে যাচাইপূর্বক একটি বিক্রয়কেন্দ্রের বিপরীতে একাধিক যোগ্য আবেদনকারী পাওয়া গেলে সকল যোগ্য আবেদনকারীর মধ্য হতে তাদের উপস্থিতিতে লটারির মাধ্যমে ঐ বিক্রয়কেন্দ্রের ডিলার নির্বাচন করা হবে। লটারির প্রয়োজন হলে এর স্থান, সময় ও তারিখ এ দপ্তরের নোটিশ বোর্ড এবং ওয়েবসাইটের মাধ্যমে জানিয়ে দেওয়া হবে।**
১৩. নির্বাচিত ডিলারকে ২৫,০০০ (পঁচিশ হাজার) টাকার ফেরতযোগ্য জামানত পে- অর্ডার আকারে এবং নির্ধারিত শর্তাবলী সম্বলিত ৩০০ (তিনশত) টাকার (পরিবর্তনযোগ্য) নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা প্রদান করতে হবে।
১৪. খাদ্যবান্ধব ডিলার নিয়োগ সংক্রান্ত সময়ে সময়ে জারীকৃত এতদসংক্রান্ত সকল সরকারি নির্দেশনা এবং অন্যান্য আদেশসমূহ প্রযোজ্য হবে।
১৫. কর্তৃপক্ষ প্রয়োজনে ডিলার নিয়োগ সংক্রান্ত যেকোনো বিষয় পরিবর্তন/পরিবর্ধণ/সংযোজন/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।
১৬. অসম্পূর্ণ/ ত্রুটিপূর্ণ আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

আবেদনের সাথে নিম্নবর্ণিত তথ্যাদি/কাগজপত্রের কপি সংযুক্ত করতে হবে ঃ

| | | | |
|---|---|---|---|
| ০১ | সদ্যতোলা পাসপোর্ট সাইজের ০২ কপি সত্যায়িত ছবি | ০৫ | দোকানের মালিকানা/ভাড়া সংক্রান্ত কাগজপত্রের_সত্যায়িত ফটোকপি |
| ০২ | জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি | ০৬ | খাদ্যবিভাগ কর্তৃক প্রদানকৃত ফুডগ্রেইন লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি |
| ০৩ | হালনাগাদকৃত ট্রেড লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি | ০৭ | নাগরিকত্ব সনদের মূলকপি |
| ০৪ | ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক স্বচ্ছলতার সনদের মূলকপি | ০৮ | অঙ্গীকারনামা |

খাদ্যবান্ধব ডিলারশিপ প্রাপ্তির জন্য নির্ধারিত ফর্মে আবেদন করতে হবে। উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, সাঘাটা, গাইবান্ধা হতে আবেদন ফর্ম সংগ্রহ করে প্রয়োজনীয় কাগজপত্রের সাথে মুখবন্ধ খামে ঐ কার্যালয়ের নির্ধারিত স্থানে জমা দিতে হবে। খামের উপর স্পষ্টভাবে কেন্দ্র নং, বিক্রয়কেন্দ্র ও ইউনিয়নের নাম, আবেদনকারীর নাম ও মোবাইল নম্বর স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

**বিশেষ দ্রষ্টব্যঃ নিয়োগের বিষয়ে কোনো প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।**

২৫/০৯/২৫
(ফাহাদ ইবনে সালাম)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
ও সদস্য সচিব
উপজেলা খাদ্যবান্ধব কমিটি
সাঘাটা, গাইবান্ধা

স্মারক নং-১৩.০৮.৩২৮৮.০০৭.৫৭.০০১.২০-১১৫৫ তারিখঃ ২৫/০৯/২০২৫ খ্রি.

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)-

১৩. জেলা প্রশাসক, গাইবান্ধা।
১৪. আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রংপুর।
১৫. জেলা খাদ্য নিয়ন্ত্রক, গাইবান্ধা।
১৬. উপজেলা নির্বাহী অফিসার, সাঘাটা, গাইবান্ধা।
১৭. উপজেলা কৃষি কর্মকর্তা/প্রাথমিক শিক্ষা কর্মকর্তা/সমাজসেবা কর্মকর্তা/পরিসংখ্যান কর্মকর্তা, সাঘটা, গাইবান্ধা।
১৮. অফিসার-ইন-চার্জ, সাঘাটা থানা, গাইবান্ধা।
১৯. চেয়ারম্যান..................................ইউপি (সকল), সাঘাটা, গাইবান্ধা।
২০. সভাপতি প্রেস ক্লাব, সাঘাটা, গাইবান্ধা।
২১. উপজেলা................................................., সাঘাটা, গাইবান্ধা।
২২. জনাব....................................................., সাঘাটা, গাইবান্ধা।
২৩. নোটিশ বোর্ড।
২৪. অফিস কপি।

২৫/০৯/২৫
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
সাঘাটা, গাইবান্ধা